

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd


স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৬১.১৮-৪০

তারিখঃ ০৭ই শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
২২ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ তথ্য কেন্দ্রের অফিস সহায়কগণের কর্মস্থলে অনুপস্থিতি এবং শূন্য হওয়া পদে নতুন পদায়নের ক্ষেত্রে প্রধান কার্যালয়কে অবহিত করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত “তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)” এ আউটসোর্সিং পদ্ধতিতে প্রধান কার্যালয় সহ ৪৯০টি তথ্য কেন্দ্রে ৪৯৭ জন জনবল দরপত্রের এর মাধ্যমে ৪ টি প্যাকেজে ৩টি প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়। কোন কোন তথ্য কেন্দ্রের অফিস সহায়কগণ নিয়মিত অফিসে উপস্থিত হয় না মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। এমতাবস্থায় কোন অফিস সহায়ক পরপর নূন্যতম ৩ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকলে তা প্রকল্পের প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।

এছাড়াও অনেক তথ্যকেন্দ্রের অফিস সহায়কের পদ শূন্য হলে সংশ্লিষ্ট কোম্পানী উক্ত পদে নতুন পদায়ন করেন কিন্তু প্রকল্পের প্রধান কার্যালয়কে অবহিত করেন না। সেক্ষেত্রে শূন্য পদে পদায়নের ক্ষেত্রে প্রকল্পের প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে, অন্যথায় এ ধরনের নিয়োগ কার্যকর হবে না।


(মৌমা পারভীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৮৩৩২১৩৬

ই-মেইলঃ pd@totthoapa.gov.bd

তথ্য সেবা কর্মকর্তা / দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবা কর্মকর্তা (সকল)।

তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়)

অনুলিপি জ্ঞাতার্থে:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০২। চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০৩। তথ্যসেবা সহকারী (সকল), তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)।
- ০৪। অফিস সহায়ক (সকল), তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)।
- ০৫। অফিস কপি।